

যুগান্তর

প্রিন্ট: ০৩ সেপ্টেম্বর ২০২৫, ০১:৪০ পিএম

শিক্ষাঙ্গন

রাকসু নির্বাচনে শিবিরকে জেতানোর ষড়যন্ত্র চলছে: ছাত্রদল নেতা আমান



রাবি প্রতিনিধি

প্রকাশ: ০২ সেপ্টেম্বর ২০২৫, ১০:৪৮ পিএম



ছাত্রদলের কেন্দ্রীয় সাংগঠনিক সম্পাদক আমানউল্লাহ আমান বলেছেন, নুরুল হক নুরের ওপর যে ঘটনা ঘটেছে, সম্প্রতি সময়ে যতগুলো ঘটনা, আপনারা দেখবেন যে, দুপক্ষেই জামায়াতের লোক আছে। অর্থাৎ ভেতরে ঢুকে একটি স্যাবোটাজ তৈরি করে পরিস্থিতিকে ঘোলাটে করা এবং বাংলাদেশের মানুষকে জানান দেওয়া যে, এ মুহূর্তে কোনো নির্বাচন হতে পারে না।

মঙ্গলবার (২ সেপ্টেম্বর) রাজশাহী বিশ্ববিদ্যালয়ের (রাবি) প্যারিস রোডে শাখা ছাত্রদলের বিক্ষোভ ও অবস্থান কর্মসূচিতে বক্তব্যে এ অভিযোগ করেন তিনি।

আমানউল্লাহ আমান বলেন, ছাত্রশিবিরের মুরাব্বি সংগঠন জামায়াতে ইসলামী। তারা এ মুহূর্তে বাংলাদেশে কোনো নির্বাচন চায় না। নির্বাচন যাতে বিলম্বিত হয়, সেজন্য সারা দেশে ইন্টেনশনালি এ মবট্রেসি তৈরি করে বোঝাতে চাচ্ছে যে বাংলাদেশে নির্বাচনের কোনো পরিবেশ নেই।

রাকসু নির্বাচনে শিবিরকে জেতানোর ষড়যন্ত্র চলছে অভিযোগ করে আমান বলেন, রাজশাহী বিশ্ববিদ্যালয়ের প্রশাসন জামায়াতীকরণ করা প্রশাসন। তারা প্রত্যেকেই একটি সংগঠনকে জেতানোর জন্য যত রকমের অপচেষ্টা করা দরকার, তা করছে। রাজশাহী বিশ্ববিদ্যালয়ে আর কোনো ধরনের রগ কাটার ইতিহাস আমরা আমাদের শরীরে একবিন্দু রক্ত থাকতে ফিরতে দেব না।

এর আগে বিশ্ববিদ্যালয়ের প্যারিস রোড থেকে বিক্ষোভ মিছিল বের করে ছাত্রদল। মিছিলটি বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে আবার প্যারিস রোডে গিয়ে অবস্থান কর্মসূচিতে মিলিত হয়। এতে রাবি ছাত্রদলের সভাপতি সুলতান আহমেদ রাহী, সিনিয়র সহ-সভাপতি শাকিলুর রহমান সোহাগসহ বিভিন্ন পর্যায়ের শতাধিক নেতাকর্মী উপস্থিত ছিলেন।